Eat Well, Live Well.

AJINOMOTO

# AGP

## Ajinomoto Group Policies

Bengali

বাংলা

# সূচিপত্র


প্রেসিডেন্ট এবং সি ই ও এর বার্তা ........ 1

আজিনোমোতো গ্রুপের পলিসি (এজিপি) কি? ........ 2
প্রয়োগের পরিধি ........ 2
কর্পোরেট দায়িত্ব ........ 2

মৌলিক নীতিমালা ........ 3
শাসন ও আস্থার ভিত্তি
১. সুশাসন প্রতিষ্ঠা এবং বাস্তবায়ন ........ 3
কর্পোরেট সামাজিক দায়িত্ব এবং ভ্যালু প্রভিশন
২. মানবাধিকার রক্ষার প্রচেষ্টা ........ 4
৩. স্বাস্থ্য এবং পুষ্টির উন্নতির জন্য নেয়া উদ্যোগসমূহ ........ 5
৪. বিশ্বব্যাপি পরিবেশ এবং স্থিতিশীলতায় অবদান ........ 6
অংশীদারদের প্রতি দায়িত্ব
৫. গ্রাহক: সর্বোচ্চ নিরাপত্তা এবং উচ্চ-মানের পণ্য সেবা প্রদান ........ 7
৬. ব্যবসায়িক অংশীদার: ন্যায্য এবং স্বচ্ছ লেনদেন ........ 8
৭. বিনিয়োগকারী ও শেয়ারহোল্ডার: আস্থা ও দায়িত্ব ........ 10
৮. স্থানীয় কমিউনিটি: কমিউনিটির সাথে কাজ করা ........ 11
৯. রাজনীতিবিদ ও সরকার: স্বচ্ছ সম্পর্ক ........ 12
১০. কর্মচারী: মানব সম্পদ প্রশিক্ষণ এবং নিরাপত্তা নিশ্চিতকরণ ........ 13
অভ্যন্তরীণ স্থিতিশীলতা ও ব্যক্তিগত আচরণের মানদণ্ড
১১. কর্পোরেট সম্পদ ও তথ্যের সুরক্ষা এবং ব্যবস্থাপনা ........ 14
১২. ব্যবসায়িক এবং ব্যক্তিগত বিষয়বস্তুর সুস্পষ্ট পার্থক্য ........ 15


# প্রেসিডেন্ট এবং সি ই ও এর বার্তা



আজিনোমোতো গ্রুপে, আমাদের লক্ষ্য হল AminoScience এর মাধ্যমে, সকল মানুষ, আমাদের সমাজ ও আমাদের গ্রহের কল্যাণে অবদান রাখা। এইজন্য আমরা ASV (Ajinomoto Group Creating Shared Value) প্রবর্তনের চেষ্টা চালিয়ে যাচ্ছি, যেটি আমাদের ব্যবসার মধ্য দিয়ে সামাজিক সমস্যা সমাধানের এবং সমাজ ও স্থানীয় কমিউনিটির সাথে শেয়ার্ড ভ্যালু সৃষ্টির মাধ্যমে অর্থনৈতিক উন্নতি অর্জনের একটি অনন্য পদ্ধতি।

ASV এর লক্ষ্য অর্জনের জন্য বিভিন্ন স্টেকহোল্ডারদের সাথে সহযোগিতার প্রয়োজন এবং এই সহযোগিতা শুধুমাত্র তখনই সম্ভব হবে, যখন গ্রুপে আমরা প্রত্যেকে কমপ্লায়েন্স সম্পর্কে আমাদের সচেতনতা বৃদ্ধি করে, সমাজের আস্থা অর্জনের জন্য কঠোর পরিশ্রম করব। সততার লালন ও চর্চা করা —প্রত্যেক কর্মী কর্তৃক নিজের দৃষ্টিভঙ্গি ও মনোভাবের জন্য দায়িত্ব গ্রহণ করে, স্বাধীনভাবে চিন্তা করে, সঠিক সিদ্ধান্ত গ্রহণ করে এবং আন্তরিকতার সাথে কাজ করার মাধ্যমে, ASV ব্যবস্থাপনাকে উৎসাহিত করে এবং এই চারিত্রিক সরলতা ও সততার ভিত্তি আজিনোমোতো গ্রুপ পলিসির (AGP) মধ্যে নিহিত রয়েছে। AGP-তে নির্ধারিত নীতিমালার আলোকে পরিচালিত হয়ে এবং সততার সাথে কাজ করার জন্য তাদের ব্যক্তিগত বিচারবুদ্ধি ব্যবহার করে—যাকে আমরা “Think Well, Do Well” বলে উল্লেখ করি—আজিনোমোতো গ্রুপের প্রতিটি কর্মী আমাদের সাংগঠনিক সংস্কৃতিকে আরও শক্তিশালী করে এবং আজিনোমোতো গ্রুপের অভিন্ন মূল্যবোধ সৃষ্টি করে থাকে।

AGP কর্তৃক ব্যাখ্যা প্রদান করা বিশ্বাস ও আচরণকে, গ্রুপের কোম্পানি ও সেখানে কর্মরত আমাদের প্রত্যেকের সমর্থন করা উচিত এবং আমাদের সকল কার্যক্রমে প্রয়োগ করা এবং আমাদের সকল স্টেকহোল্ডারদের কাছে সেগুলোকে সমর্থন করার বিষয়ে লিখিত প্রতিশ্রুতি প্রদান করা উচিত।

আমাদের লক্ষ্য হল সকল মানুষ, আমাদের সমাজ ও আমাদের গ্রহের কল্যাণে এমনভাবে অবদান রাখা যা কিনা আমাদের সকল কর্মকান্ডে AGP কে সমর্থন দিয়ে আস্থা অর্জন করে।

Shigeo Nakamura

Shigeo Nakamura
পরিচালক
প্রতিনিধি নির্বাহী কর্মকর্তা,
প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা
Ajinomoto Co., Inc.

### আজিনোমোতো গ্রুপের পলিসি (এজিপি) কি?

AGP আজিনোমোতো গ্রুপের কোম্পানিগুলো এবং সেখানে কাজ করা আমাদের প্রত্যেকে, যে বিশ্বাস এবং আচরণের প্রতি প্রতিজ্ঞাবদ্ধ, সেগুলোকে নির্দেশ করে। AGP আমাদের সকল স্টেকহোল্ডারদের জন্য এই লিখিত অঙ্গীকার হিসাবে কাজ করে যে, আমরা এই বিশ্বাস এবং আচরণগুলোকে সমর্থন প্রদানের জন্য আন্তরিকভাবে কাজ করব।

AGP 12টি মৌলিক নীতিমালা এবং তাদের সাথে সম্পর্কিত গ্রুপের নীতি নিয়ে গঠিত।

2000 সালের এপ্রিলে প্রতিষ্ঠিত আজিনোমোতো গ্রুপের আচরণবিধির উপর ভিত্তি করে, আজিনোমোতো কোম্পানি ইনক এর পরিচালনা পর্ষদ কর্তৃক 30 মে, 2018 সালে AGP প্রণীত হয়েছে এবং পরবর্তীতে 2009, 2014 এবং 2017 সালে সংশোধন করা হয়েছে। তারপর থেকে AGP প্রয়োজন অনুসারে সংশোধন করা হয়েছে।

### প্রয়োগের পরিধি

Ajinomoto Group Policies বা “AGP,” আজিনোমোতো গ্রুপের সকল কোম্পানি এবং তাদের কর্মকর্তা এবং কর্মীদের জন্য প্রযোজ্য হবে।

আজিনোমোতো এছাড়াও সরবরাহকারী এবং তার ভ্যালু চেইনের অন্যান্য ব্যবসায়িক অংশীদারদের AGP-এর চেতনাকে তাদের কর্মকাণ্ডে সমর্থন করার জন্য উৎসাহিত করে।

### কর্পোরেট দায়িত্ব

- আজিনোমোতো গ্রুপের কোম্পানিগুলো কর্তৃক নিশ্চিত করা হয় যে সকল কর্মকর্তা ও কর্মচারীর AGP সম্পর্কে ভালো জ্ঞান আছে এবং তারা সকল প্রযোজ্য আইন, বিধিমালা AGP মেনে চলে।
- আজিনোমোতো গ্রুপ কোম্পানিগুলো কর্মকর্তা এবং কর্মীদের এমন কোন আদেশ জারি করতে পারবে না যা AGP কে অমর্জাদা করে। এছাড়া আজিনোমোতো গ্রুপ কোম্পানিগুলো এটি নিশ্চিত করে যে AGP মেনে চলার কারণে কোন কর্মকর্তা এবং কর্মীর উপরে কোন বিরূপ প্রভাব পড়বে না।
- আজিনোমোতো গ্রুপ কোম্পানিগুলোর সর্বোচ্চ ব্যবস্থাপনা কর্মকর্তাকে AGP মেনে চলার ক্ষেত্রে, তাদের ভূমিকাকে উপলব্ধি করতে হবে। এবং নিয়ম পালনের জন্য দৃষ্টান্ত স্থাপন করতে হবে। সর্বোচ্চ ব্যবস্থাপনা কর্মকর্তাগণ তাদের কোম্পানির ভিতরে নিয়ম পালনকে নিশ্চিত করবেন এবং কোম্পানির ভিতর এবং বাইরে উভয় দিক থেকে মতামত অন্তর্ভুক্ত করে একটি কার্যকর অভ্যন্তরীণ সিস্টেম স্থাপন করবেন।
- যদি আইন বা নিয়মের লঙ্ঘনের মত AGP এর কোন গুরুতর লঙ্ঘন ঘটে, সর্বোচ্চ ব্যবস্থাপনা কর্মকর্তাগণ ইস্যুটি সমাধান করবেন , এবং কারণ নির্ধারণের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করে , কোনো পুনরাবৃত্তি প্রতিরোধ করা সম্পর্কে তাদের অবস্থানকে স্টেকহোল্ডারদের নিকট স্পষ্ট করবেন।



# মৌলিক নীতিমালা

## শাসন ও আস্থার ভিত্তি

### ১. সুশাসন প্রতিষ্ঠা এবং বাস্তবায়ন

১.১ আমাদের নিজস্ব আচরণবিধি AGP অনুসারে, আমরা বিধি ও বিধানের পাশাপাশি প্রাসঙ্গিক আইন মেনে চলি।

১.২ আমরা যথোপযুক্ত কর্তৃত্ব অর্পণ এবং জবাবদিহিতা কেন্দ্রিক শাসন ব্যবস্থা প্রতিষ্ঠা করি এবং ক্রমাগতভাবে আমাদের কর্পোরেট মূল্য বৃদ্ধির জন্য ন্যায্য স্বচ্ছ ও কার্যকর পদ্ধতিতে গ্রুপ পরিচালনা করি।

১.৩ আমরা সন্ত্রাসবাদ, সাইবার হামলা এবং প্রাকৃতিক দুর্যোগের মতো রাজনৈতিক, অর্থনৈতিক ও সামাজিক গুরুত্বপূর্ণ বিষয়গুলোর জন্য প্রস্তুতিকে নিশ্চিত করার জন্য কৌশলগত ঝুঁকি ব্যবস্থাপনা এবং সংগঠিত সঙ্কট ব্যবস্থাপনা বাস্তবায়ন করি।

১.৪ কর্মক্ষেত্র এবং ব্যবসায় প্রতারণা বা আইন ও নিয়ম বা AGP এর লঙ্ঘন সম্পর্কে ওয়াকিবহাল হলে, আমরা তার বিরুদ্ধে উচ্চকণ্ঠ হই। আমরা যথাযথ পরিচালকদের সঙ্গে পরামর্শ করি এবং আমাদের হুইসল ব্লোয়িং সিস্টেম ব্যবহার করে উদ্বেগ এবং সমস্যাগুলো আলোতে নিয়ে আসি।

১.৫ আমরা সংগঠিত সমাজ বিরোধী শক্তি র সাথে যে কোন ধরণের সংশ্রবকে কঠোরভাবে এড়িয়ে চলি, যা কিনা নাগরিক আইন এবং নিরাপত্তাকে হুমকির মুখে ফেলে। উপরন্তু, সংগঠিত সমাজ বিরোধী শক্তি র বিরুদ্ধে দৃঢ়ভাবে অবস্থান নেই এবং সকল অনুপযুক্ত দাবি প্রত্যাখ্যান করি।

**গ্রুপ শেয়ার্ড পলিসিজ**

- সুশাসন সংক্রান্ত গ্রুপ শেয়ার্ড পলিসি
- ঝুঁকি ব্যবস্থাপনা সংক্রান্ত গ্রুপ শেয়ার্ড পলিসি
- হিসাবরক্ষণ সংক্রান্ত গ্রুপ শেয়ার্ড পলিসি
- প্রতারণা এবং তহবিল তছরুপ প্রতিরোধ সংক্রান্ত গ্রুপ শেয়ার্ড পলিসি
- হুইসল ব্লোয়িং সংক্রান্ত গ্রুপ শেয়ার্ড পলিসি

## ২. মানবাধিকার রক্ষার প্রচেষ্টা

২.১ আমরা আন্তর্জাতিকভাবে স্বীকৃত মানবাধিকারকে উপলব্ধি করা এবং মানবাধিকার সম্পর্কিত আন্তর্জাতিক আচরণ বিধিকে সম্মান করার উপর ভিত্তি করে আমাদের ব্যবসায়িক কার্যক্রম পরিচালনা করি।

২.২ আমরা বিভিন্ন ধরণের অংশীদারদের সাথে কাজ করে, মানবাধিকার লঙ্ঘনে অংশগ্রহণ না করা বা সহায়তা না করা নিশ্চিত করার জন্য মানবাধিকারের যথাযথ প্রক্রিয়া (ডিউ ডিলিজেন্স) সম্পাদন করি। অধিকন্তু, আমাদের দ্বারা মানবাধিকারের উপর প্রতিকূল প্রভাব ফেলা বা সহায়তা করার বিষয়টি প্রমাণিত হলে, আমরা তাৎক্ষণিকভাবে সংশোধনমূলক এবং প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণের চেষ্টা করব।

২.৩ আমরা প্রতিটি দেশ এবং অঞ্চলের আইন এবং সংস্কৃতি সম্মান করি, যেখানে আমরা আমাদের ব্যবসা পরিচালনা করি। আমরা জাতি, জাতিগত গোষ্ঠী, জাতীয়তা, ধর্ম, বিশ্বাস, জন্মস্থান, লিঙ্গ, বয়স, অক্ষমতা, যৌন অভিযোজন বা লিঙ্গ পরিচয়ের ভিত্তিতে অথবা অন্য কোনও কারণে কারো বিরুদ্ধে বৈষম্য এবং হয়রানি নিষিদ্ধ করেছি।

২.৪ আমরা শিশু ও জোরপূর্বক শ্রম নির্মূল করা এবং নিরাপদ, স্বাস্থ্যসম্মত ও আরামদায়ক কর্ম পরিবেশ নিশ্চিত করার ব্যাপারে প্রতিশ্রুতিবদ্ধ। আমরা কর্মক্ষেত্রে মৌলিক অধিকারসমূহকে সম্মান করি, যার মধ্যে রয়েছে সংঘবদ্ধ হওয়ার স্বাধীনতা, সংগঠিত করার স্বাধীনতা এবং যৌথ দর কষাকষির অধিকার।

**গ্রুপ শেয়ার্ড পলিসিজ**

- মানবাধিকার সংক্রান্ত গ্রুপ শেয়ার্ড পলিসি

## ৩. স্বাস্থ্য এবং পুষ্টির উন্নতির জন্য নেয়া উদ্যোগসমূহ

৩.১ আমরা ভোক্তাদের প্রয়োজন গভীরভাবে অনুধাবন করে এবং উপযুক্ত মূল্যে ও সহজলভ্য উপায়ে সুষম পণ্য, তথ্য ও পরিষেবা প্রদান করার মাধ্যমে স্বাস্থ্যকর খাদ্যাভ্যাস ও জীবনযাপনে অবদান রাখি।

৩.২ আমরা কেবল যথাযথ পুষ্টি নিশ্চিত করেই নয়, বরং সুস্বাদু খাবার, বৈচিত্র্যময় খাদ্য বিকল্প, কমিউনাল ডাইনিং, স্মার্ট রান্নার সমাধান এবং বৈশ্বিক পরিবেশের প্রতি বিবেচনার মাধ্যমেও সুস্থতা বৃদ্ধি করি।

৩.৩ আমরা পুষ্টি ও স্বাস্থ্যসেবা সম্পর্কিত পণ্য, তথ্য এবং পরিষেবা প্রদান করি, যা প্রতিরোধ থেকে চিকিৎসা পর্যন্ত বিস্তৃত স্বাস্থ্যের চাহিদা পূরণ করার মাধ্যমে, মানুষকে দীর্ঘ ও সুস্থ জীবনযাপন করতে সহায়তা করে।

**গ্রুপ শেয়ার্ড পলিসিজ এন্ড গাইডলাইন**

- পুষ্টি সংক্রান্ত গ্রুপ শেয়ার্ড পলিসি
- আজিনোমোতো গ্রুপের পুষ্টি সম্পর্কিত কৌশলের জন্য নির্দেশিকা
- পণ্যে অভিগম্যতা সংক্রান্ত গ্রুপ শেয়ার্ড পলিসি

## ৪. বিশ্বব্যাপি পরিবেশ এবং স্থিতিশীলতায় অবদান

৪.১ আমাদের পণ্য এবং পরিষেবা প্রদান করা এবং অন্যান্য ব্যবসায়িক কার্যক্রমের মাধ্যমে, পৃথিবীর সাথে সুসংগতভাবে সহাবস্থান এবং টেকসই "রিসাইক্লিং ওরিয়েন্টেড সোসাইটি" বাস্তবায়নের জন্য আমরা কমিউনিটি এবং গ্রাহকদের সাথে কাজ করে যাচ্ছি, যা গ্রিনহাউস গ্যাসের নির্গমন ও শোষণের মধ্যে ভারসাম্য বজায় রেখে নেট শূন্য নির্গমনের একটি বিশ্ব গড়ে তুলতে সাহায্য করে। উপরন্তু, আমরা অপরিহার্য প্রাকৃতিক পুঁজি এবং জীববৈচিত্র্যের ক্ষতি এড়ানো বা হ্রাস করা, এবং / অথবা পুনরুদ্ধার ও পুনর্জীবিত করার লক্ষ্যে প্রকৃতির জন্য ইতিবাচক উদ্যোগ বাস্তবায়ন করছি, যা কিনা আমাদের ব্যবসায়িক কার্যক্রমের জন্য অপরিহার্য ভিত্তিস্বরূপ।

৪.২ আমরা ব্যক্তিগত পর্যায়ে সম্পদ ও শক্তিকে দক্ষতার সাথে ব্যবহার করে, পরিবেশের প্রতি দায়িত্বশীল জীবন-যাপনে উদ্বুদ্ধ করি।

**গ্রুপ শেয়ার্ড পলিসিজ এন্ড গাইডলাইন**

• পরিবেশ সংক্রান্ত গ্রুপ শেয়ার্ড পলিসি

• জীববৈচিত্রের জন্য আজিনোমোতো গ্রুপের নির্দেশিকা

• পশু কল্যাণ সংক্রান্ত গ্রুপ শেয়ার্ড পলিসি



## ৫. গ্রাহক: সর্বোচ্চ নিরাপত্তা এবং উচ্চ-মানের পণ্য সেবা প্রদান

৫.১ আমরা সর্বদা আমাদের গ্রাহককে অগ্রাধিকার দেয়ার লক্ষ্যে অত্যাধুনিক প্রযুক্তি, সৃজনশীলতা এবং উন্নতির মাধ্যমে সর্বোচ্চ নিরাপত্তা এবং উচ্চ-মানের পণ্য সেবা উদ্ভাবন এবং প্রদান করে থাকি।

৫.২ আমরা, গ্রাহকদের আস্থা বজায় রাখা এবং অর্জনের জন্য, তাদের প্রত্যাশা পূরণের জন্য এবং সন্তুষ্টি নিশ্চিত করার জন্য, পণ্য ও সেবা সংক্রান্ত সঠিক এবং উপকারী তথ্য প্রদান করছি।

৫.৩ আমরা এটা নিশ্চিত করি যে, আমাদের সকল বিপণন ও বিজ্ঞাপন কার্যক্রম, গ্রাহকদের সঙ্গে যোগাযোগের মাধ্যমে এবং দায়িত্বপূর্ণভাবে পরিচালনা করা হবে, বিশেষত যখন শিশুদের জন্য পরিচালনা করা হবে।

**গ্রুপ শেয়ার্ড পলিসিজ**

• গুণগত মান সংক্রান্ত গ্রুপ শেয়ার্ড পলিসি

• খাদ্য নিরাপত্তা সংক্রান্ত গ্রুপ শেয়ার্ড পলিসি

• মার্কেটিং কমিউনিকেশনস সংক্রান্ত গ্রুপ শেয়ার্ড পলিসি

• প্যাকেজের বর্ণনা সংক্রান্ত গ্রুপ শেয়ার্ড পলিসি

## ৬. ব্যবসায়িক অংশীদার: ন্যায্য এবং স্বচ্ছ লেনদেন

৬.১ আমরা সর্বদা আমাদের লেনদেন যাতে ন্যায্য এবং স্বচ্ছ থাকে, সে ব্যপারে সচেতন থাকি। আমরা ন্যায্য ব্যবসা চর্চা অব্যাহত রাখি।এবং আমরা যাদের সাথে লেনদেন করি তাদের সকলকেই মূল্যবান ব্যবসায়িক অংশীদার হিসাবে সম্মান করি।

৬.২ আমরা যে সকল দেশে ব্যবসা পরিচালনা করি, সে সকল দেশের ব্যবসায়িক প্রতিযোগিতা সংশ্লিষ্ট এন্টিট্রাস্ট এবং অন্যান্য আইন এবং নিয়ম মেনে চলা এবং পুরোপুরি বুঝতে পারাকে নিশ্চিত করার জন্য পদক্ষেপ গ্রহণ করি। আমরা প্রতিযোগিতাকে সীমিত করার জন্য (কার্টেলে অংশগ্রহণ করা সমেত), প্রতিযোগীদের সাথে যৌথভাবে মূল্য বা বিক্রয় / উৎপাদনের পরিমাণ ইত্যাদি নির্ধারণ করি না এবং বিড রিগিং এর সাথে যুক্ত হই না। প্রতিযোগীদের বাজার থেকে উৎখাত করা বা তাদের বাজারে প্রবেশ করাকে আটকানোর জন্য কোন অন্যায় উপায় অবলম্বন করি না।

৬.৩ সাব কন্ট্রাকটর এবং সরবরাহকারী নির্বাচন করার সময়, আমরা মূল্য, গুণমান এবং পরিষেবার মত শর্তগুলি ন্যায্যভাবে তুলনা এবং মূল্যায়ন করার মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণ করি। আমরা আমাদের প্রভাবশালী অবস্থানকে অপব্যবহার করার মাধ্যমে এমন কোন কাজে যুক্ত হইনা, যা কিনা আমাদের ব্যবসায়িক অংশীদারদের জন্য কোন ধরণের অসুবিধার কারণ হয়।

৬.৪ আমরা আমাদের সাবকন্ট্রাকটর এবং সরবরাহকারীদের পরিবেশের সুসংরক্ষণ এবং মানবাধিকার রক্ষা সমেত সামাজিক দায়িত্ব।পালনের প্রচেষ্টায় নিয়োজিত করি এবং আমরা পুরো সাপ্লাই চেইনের পাশাপাশি দায়িত্বশীল ক্রয় ব্যবস্থাপনা এবং কমিউনিটির টিকে থাকায় অবদান রাখার জন্য সরবরাহকারীদের সাথে কাজ করি।

৬.৫ আমাদের গ্রাহক এবং ব্যবসায়িক অংশীদারদের সাথে লেনদেনের সময়, সুবিবেচনার সাথে কাজ করি এবং আমরা অনুপযুক্ত উপহার, বিনোদন বা অর্থ।প্রদানের মত অসঙ্গত কাজে জড়িত হই না।

**গ্রুপ শেয়ার্ড পলিসিজ এন্ড গাইডলাইন**

- ক্রয় সংক্রান্ত গ্রুপ শেয়ার্ড পলিসি
- কাগজ ক্রয় করার জন্য আজিনোমোতো গ্রুপের নির্দেশিকা
- পাম অয়েল ক্রয় করার জন্য আজিনোমোতো গ্রুপের নির্দেশিকা
- কফি ক্রয় করার জন্য আজিনোমোতো গ্রুপের নির্দেশিকা
- সয়াবিন ক্রয় করার জন্য আজিনোমোতো গ্রুপের নির্দেশিকা
- আখ ক্রয় করার জন্য আজিনোমোতো গ্রুপের নির্দেশিকা
- গরুর মাংস ক্রয় করার জন্য আজিনোমোতো গ্রুপের নির্দেশিকা
- সরবরাহকারী সংক্রান্ত গ্রুপ শেয়ার্ড পলিসি
- সরবরাহকারী সংক্রান্ত গ্রুপ শেয়ার্ড পলিসির জন্য নির্দেশিকা

## ৭. বিনিয়োগকারী ও শেয়ারহোল্ডার: আস্থা ও দায়িত্ব

৭.১ আমরা কর্মক্ষেত্রে সুষ্ঠ ব্যবস্থাপনা পরিচালনার অনুশীলন, শেয়ারহোল্ডারদের উপযুক্ত আয় প্রদান করতে এবং প্রতিষ্ঠানের মানের ক্রমাগত বৃদ্ধি অর্জন করার জন্য যথাসাধ্য চেষ্টা করি।

৭.২ আমরা নানা রকম স্টেকহোল্ডারদের নির্দিষ্ট সময়মত এবং উপযুক্ত পদ্ধতিতে তথ্য প্রকাশ করি এবং আমরা তাদের প্রত্যাশা এবং আস্থা অনুযায়ী নিখুতভাবে এবং বিশ্বস্ততার সাথে সাড়া দিয়ে থাকি।

৭.৩ আমরা বিশ্বাসের সম্পর্ক গড়ে তুলি এবং আমাদের বিভিন্ন স্টেকহোল্ডারদের সাথে চলমান দ্বিমুখী সংলাপে জড়িত থাকার মাধ্যমে সহযোগিতা বৃদ্ধি করি।

৭.৪ স্টেকহোল্ডারদের নিকট প্রকাশ করা আর্থিক তথ্যগুলোর বিশ্বাসযোগ্যতা এবং নির্ভুলতা নিশ্চিত করার জন্য আমরা যথাযথ অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা রক্ষা ও পরিচালনা করি।

৭.৫ আমরা শেয়ারবাজারে আজিনোমোতো গ্রুপের কোম্পানি বা শেয়ারবাজারে ব্যবসায়িক অংশীদারগণের অপ্রকাশিত তথ্য ব্যবহার করে, শেয়ার বেচাকেনা সহ অভ্যন্তরীণ লেনদেনের মত অবৈধ কর্মকাণ্ডে লিপ্ত হই না।

৭.৬ আমরা ব্যবসা পরিচালনা করা প্রতিটি দেশে, করের ঝুঁকি সঠিকভাবে পরিচালনা করার পাশাপাশি, ট্যাক্স আইন মেনে ও যথাযথ কর প্রদান করে আমাদের সামাজিক দায়বদ্ধতা পূরণ করি।

**গ্রুপ শেয়ার্ড পলিসিজ এন্ড গাইডলাইন**

- গ্লোবাল ট্যাক্স সংক্রান্ত গ্রুপ শেয়ার্ড পলিসি
- স্টেকহোল্ডার সাথে তথ্য ভাগাভাগি সংক্রান্ত গ্রুপ শেয়ার্ড পলিসি
- অভ্যন্তরীণ লেনদেন প্রতিরোধ করার জন্য নির্দেশিকা

## ৮. স্থানীয় কমিউনিটি: কমিউনিটির সাথে কাজ করা

৮.১ আমরা যেখানে ব্যবসা পরিচালনা করি সেখানে এবং বৃহত্তর সমাজে, সুস্থ কমিউনিটি তৈরি করার লক্ষ্যে, ইতিবাচক সামাজিক অবদান রাখার জন্য প্রাণপণে চেষ্টা চালাই। আমরা যেখানে ব্যবসা পরিচালনা করি, সেখানকার প্রতিটি কমিউনিটির অর্থনৈতিক, সাংস্কৃতিক ও শিক্ষাগত উন্নয়নে মনোনিবেশন করি।

৮.২ কোম্পানি কর্তৃক কোনো সংস্থাকে অনুদান প্রদান করা হলে, আমরা অনুদানের উদ্দেশ্য ও সামাজিক গুরুত্ব স্পষ্টভাবে শনাক্ত করি, অভ্যন্তরীণ নিয়ম অনুসারে সকল সিদ্ধান্ত গ্রহণ করি, প্রয়োজনীয় সব প্রক্রিয়া অনুসরণ করি এবং প্রযোজ্য আইন মেনে চলা ও স্বচ্ছতা নিশ্চিত করি।

৮.৩ স্থানীয় কমিউনিটির সদস্য হিসাবে, সামাজিক অবদান রাখার কার্যক্রমে অংশগ্রহণের জন্য আমাদের সকলকে উদ্বুদ্ধ করা হয়।

৮.৪ জনসাধারণের সাথে মিথস্ক্রিয়া করার সময়, প্রত্যেককে আমরা, আজিনোমতো গ্রুপকে প্রতিনিধিত্বকারী গ্রুপ কর্মচারী হিসাবে স্বীকৃতি দেই এবং সেই অনুসারে আমাদের কার্যক্রম সর্বদা সামাজিক শিষ্টাচারের সচেতনতার দ্বারা পরিচালিত হয়।

**গ্রুপ শেয়ার্ড পলিসিজ**

- স্থানীয় কমিউনিটির উন্নতি সংক্রান্ত গ্রুপ শেয়ার্ড পলিসি

## ৯. রাজনীতিবিদ ও সরকার: স্বচ্ছ সম্পর্ক

৯.১ রাজনৈতিক কর্মকান্ডে জড়িত হওয়ার সময় আমরা শুধুমাত্র ব্যক্তিগতভাবে নিজ নিজ দায়িত্বে এবং শুধুমাত্র কাজের সময় ব্যতীত ও কোম্পানির সীমানার বাইরে তা করে থাকি, যাতে এ ধরনের কার্যক্রম কোম্পানির অবস্থানকে প্রতিনিধিত্ব করছে, এমন কোনো ভুল বোঝাবুঝির সৃষ্টি না হয়।

৯.২ আমরা দেশী বা বিদেশী সরকারি কর্মচারীদের অথবা তাদের সমতুল্য ব্যক্তিকে ঘুষ হিসাবে বিবেচিত কোন প্রকারের উপহার, বিনোদন বা অর্থ প্রদান করি না। সরকার ও কর্মকর্তাদের সাথে আমরা সুস্থ্য ও স্বাভাবিক সম্পর্ক বজায় রাখি।

৯.৩ কোম্পানি লবিং বা অন্যান্য কার্যক্রমের মাধ্যমে রাজনৈতিক কর্মকাণ্ডে অংশগ্রহণ করলে বা প্রশাসনিক বা সরকারি সংস্থার সাথে যোগাযোগ করলে, আমরা উদ্দেশ্য, প্রয়োজনীয়তা, উপযুক্ততা এবং সামাজিক গুরুত্ব নির্ধারণ করি, এগিয়ে যাওয়ার সিদ্ধান্ত নেওয়ার জন্য অভ্যন্তরীণ নীতিমালা অনুযায়ী সকল প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করি, নির্ধারিত সকল প্রক্রিয়া অনুসরণ করি এবং প্রযোজ্য আইন মেনে চলা ও স্বচ্ছতা নিশ্চিত করি।

**গ্রুপ শেয়ার্ড পলিসিজ**

- ঘুষ প্রতিরোধ সংক্রান্ত গ্রুপ শেয়ার্ড পলিসি
- রাজনৈতিক কার্যক্রম এবং রাজনৈতিক চাঁদা সংক্রান্ত গ্রুপ শেয়ার্ড পলিসি
- লবিং কার্যক্রম সংক্রান্ত গ্রুপ শেয়ার্ড পলিসি

## ১০. কর্মচারী: মানব সম্পদ প্রশিক্ষণ এবং নিরাপত্তা নিশ্চিতকরণ

১০.১ আমরা কর্মক্ষেত্রে সমান কর্মসংস্থানের সুযোগ প্রদান করি, যা প্রতিটি ব্যক্তির মানবাধিকারের প্রতি সম্মান প্রদর্শন করে এবং কর্মীদের বৈচিত্র্য, চরিত্র এবং ব্যক্তিস্বাতন্ত্র্যকে সম্মান করার মাধ্যমে তাদের দক্ষতা, সক্ষমতা, অভিজ্ঞতার বিকাশ ঘটানো এবং পুরোপুরি ব্যবহার করা এবং প্রেরণাকে সর্বাধিক বৃদ্ধি করার সুযোগ প্রদান করে।

১০.২ আমরা আজিনোমোতো গ্রুপের উন্নয়নে অবদান রাখার জন্য বিশ্বজনীন দৃষ্টভঙ্গি থেকে কাজ করি, দলগত কাজকে গুরুত্ব দেই, সৃজনশীলতা অনুশীলন করি এবং অগ্রগামী সাহসকে মূল্য দেই।

১০.৩ আমরা সমৃদ্ধ জীবন গড়ে তোলাকে উপভোগ করতে এবং আজিনোমোতো গ্রুপের ক্রমাগত উন্নয়নের মাধ্যমে সামাজিক কল্যাণে অবদান রাখতে কর্মীদের প্রচেষ্টাকে সমর্থন করি। এই ক্ষেত্রে, আমরা নতুন উদ্যোগ এবং প্রোগ্রামের মাধ্যমে ক্রমাগত নিজেদেরকে উন্নত করার প্রাণপন চেষ্টা চালাই।

১০.৪ আমরা এমন একটি কর্মক্ষেত্রের জন্য কাজ করি, যা কিনা আমাদের কাজের সন্তুষ্টির উন্নতি ঘটায় এবং উচ্চ উৎপাদনশীলতাকে উৎসাহিত করে।

১০.৫ আমরা একে অপরের সাথে খোলামেলাভাবে মতামত বিনিময়ের মাধ্যমে বৈষম্য ও হয়রানি বিহীন এবং পরষ্পরের মর্যাদাকে সম্মান করা হয়, এমন ইতিবাচক কর্মক্ষেত্র গঠনে কাজ করছি।

১০.৬ আমরা বিশ্বাস করি, আজিনোমোতো গ্রুপের ধারাবাহিক প্রবৃদ্ধির ভিত্তি আমাদের কর্মচারীদের শারীরিক ও মানসিক সুস্থতায় নিহিত রয়েছে। আমরা আমাদের কর্মকর্তা ও কর্মচারীদের সাথে মিলিত হয়ে আমাদের দলের স্বাস্থ্য বজায় রাখা এবং উন্নত করার জন্য কাজ করি।

১০.৭ আমরা "জীবন রক্ষাকারী নিরাপত্তাকে আমাদের অবশ্যই অগ্রাধিকার দিতে হবে" এই নীতির উপর ভিত্তি করে কাজ করি এবং গ্রুপের জন্য কাজ করা সকল কর্মীর নিরাপত্তা নিশ্চিত করার জন্য, সকল কর্মকর্তা ও কর্মচারীর অংশগ্রহণের মাধ্যমে পেশাগত নিরাপত্তা ও স্বাস্থ্যের উন্নতি অব্যাহত রাখি।

**গ্রুপ শেয়ার্ড পলিসিজ**

- মানব সম্পদ সংক্রান্ত গ্রুপ শেয়ার্ড পলিসি
- পেশাগত নিরাপত্তা ও স্বাস্থ্য সংক্রান্ত গ্রুপ শেয়ার্ড পলিসি

# অভ্যন্তরীণ স্থিতিশীলতা ও ব্যক্তিগত আচরণের মানদণ্ড

## ১১. কর্পোরেট সম্পদ ও তথ্যের সুরক্ষা এবং ব্যবস্থাপনা

১১.১ আমরা কোম্পানির ডেটা, বাণিজ্যিক গোপনীয়তা ও মেধা সম্পত্তি (ব্র্যান্ড সহ) সহ, কোম্পানির মূর্ত ও অমূর্ত সম্পদ কঠোরভাবে রক্ষা এবং পরিচালনা করি।

১১.২ আমরা গোপনীয়তা এবং ব্যক্তিগত তথ্য রক্ষা করার গুরুত্বকে স্বীকার করি এবং তথ্য ফাঁস প্রতিরোধ করার জন্য ব্যক্তিগত তথ্য সংগ্রহ, ব্যবহার এবং প্রদানে শুধুমাত্র সঠিক পদ্ধতি অনুসরণ করি। বাইরের কোনো পক্ষের কাছে ফাঁস না হওয়া, হারিয়ে না যাওয়া বা ক্ষতিগ্রস্ত না হওয়ার জন্য, আমরা সকল ব্যক্তিগত তথ্য কঠোরভাবে পরিচালনা করি এবং আমরা সকল স্টেকহোল্ডারদের গোপনীয়তার প্রতি সম্মান প্রদর্শন করি।

১১.৩ আমরা আমাদের মেধা সম্পত্তির অধিকারকে ব্যবহার করে উচ্চ মূল্য সংযোজিত পণ্য ও পরিষেবা তৈরি করি, তাদের মূল্য আরও বৃদ্ধি করি এবং সামাজিক উন্নয়নে অবদান রাখি।

১১.৪ আমরা তৃতীয় পক্ষের বৈধ মেধা সম্পত্তির অধিকারকে সম্মান করি

১১.৫ আমরা আমাদের কর্পোরেট কার্যক্রমে তথ্য সুরক্ষাকে একটি গুরুত্বপূর্ণ অগ্রাধিকার হিসেবে বিবেচনা করি এবং বাইরের আক্রমণ সহ সকল ধরনের হুমকি থেকে তথ্য রক্ষা করার চেষ্টা করি।

**গ্রুপ শেয়ার্ড পলিসিজ**

- তথ্য নিরাপত্তা সংক্রান্ত গ্রুপ শেয়ার্ড পলিসি
- গোপনীয়তা সংক্রান্ত গ্রুপ শেয়ার্ড পলিসি
- মেধা সম্পত্তি সংক্রান্ত গ্রুপ শেয়ার্ড পলিসি

## ১২. ব্যবসায়িক এবং ব্যক্তিগত বিষয়বস্তুর সুস্পষ্ট পার্থক্য।

১২.১ আমরা আমাদের কর্মচারী ও তাদের পরিবারের এবং আজিনোমোতো গ্রুপের কোম্পানির স্বার্থের সংঘাত যাতে না ঘটে, তা নিশ্চিত করার জন্য পদক্ষেপ গ্রহণ করি।

১২.২ আমরা অনুমতি ছাড়া কর্পোরেট সম্পদ বা তথ্য কোম্পানির বাইরে নিয়ে যাই না বা প্রকাশ করি না। আমরা সেগুলো শুধুমাত্র ব্যবসায়িক উদ্দেশ্যে ব্যবহার করি এবং ব্যক্তিগত স্বার্থসিদ্ধির জন্য ব্যবহার করি না।

১২.৩ আমরা কোম্পানির কাজের মাধ্যমে কোনও ব্যক্তিগত লাভের অনুমতি দিই না, যেমন ব্যক্তিগত উদ্দেশ্যে কোম্পানির তহবিল ব্যবহার করা অথবা পরিমাণ নির্বিশেষে এমন কোনও কাজ যা সন্দেহ জাগাতে পারে।

১২.৪ আমরা বুঝতে পারি যে, এমনকি কর্মচারীদের অবসর গ্রহণের পরেও, কর্মচারীদের দ্বারা প্রতিষ্ঠিত ব্যবসায়িক সম্পর্কগুলি কোম্পানির অধিকারভুক্ত হয়।

১২.৫ আমরা সামাজিক মাধ্যমগুলোতে কোম্পানির প্রচারণা এবং ব্যক্তিগত প্রচারণাকে সম্পূর্ণ পার্থক্যভাবে বিবেচনা করি। ব্যক্তিগতভাবে তথ্য প্রচারের সময়ও আমরা আজিনোমোতো গ্রুপ কোম্পানির একেকজন সদস্য হিসাবে আমাদের ভূমিকা এবং দায়িত্ব সম্পর্কে সচেতন থাকি এবং এমন কোন কার্যে লিপ্ত হই না, যা কিনা আজিনোমোতো গ্রুপ কোম্পানির খ্যাতি বা অন্য কোন সম্পত্তির ক্ষতি করতে পারে।

## হটলাইন

- আজিনোমতো গ্রুপের কোম্পানিগুলি অধ্যায় ১-এ বর্ণিত আমাদের "হুইসেলব্লোয়িংয়ের জন্য শেয়ার্ড পলিসি" অনুসারে কর্মচারীদের জন্য লঙ্ঘন ও সমস্যার রিপোর্ট করার উপায় নির্ধারণ করেছে।
- ব্যক্তিগত তথ্য সুরক্ষিত থাকবে এবং গোপনীয়তাকে সম্মান করা হবে। শুধুমাত্র রিপোর্ট করার কারণে কোনো হুইসেলব্লোয়ারকে কোনো ধরনের ক্ষতিকর আচরণের সম্মুখীন হতে হবে না।
- প্রতিটি কোম্পানিতে প্রতিষ্ঠিত হটলাইনগুলি ছাড়াও, নীচের চ্যানেলগুলির মাধ্যমেও রিপোর্ট প্রদান করা যেতে পারে।

### আজিনোমোতো গ্রুপ হটলাইন

WEB: https://ml.helpline.jp/g-hotline/

আইডি: hotline PW: ajinomoto

* 22টি ভাষায় দিনে 24 ঘন্টা, বছরে 365 দিন অ্যাক্সেসযোগ্য
* রিপোর্টটি সরাসরি একজন পরিচালক বা কর্মকর্তার সাথে সম্পৃক্ত হলে, অনুগ্রহ করে অডিট কমিটির হটলাইন নির্বাচন করুন।

**Ajinomoto Co., Inc.**
15-1, Kyobashi 1-chome, Chuo-ku,
Tokyo 104-8315 Japan
Tel: +81 (3) 5250-8111
URL: http://www.ajinomoto.com/en/

Eat Well, Live Well.

প্রতিষ্ঠিত: 1 জুলাই, 2018
2য় সংস্করণ 1 জুলাই, 2021
3য় সংস্করণ 1 জুলাই, 2023
4র্থ সংস্করণ 1 এপ্রিল, 2026